যুগান্তর

17 JUN 2008

# ঢাবির অবসরপ্রাপ্ত পাঁচ শিক্ষক প্রফেসর ইমেরিটাস পদবি পাচ্ছেন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্বদ্যািলয়ের পাঁচ অবসরপ্রাপ্ত শিক্ষককে 'প্রফেসর ইমেরিটাস' পদবিতে ভূষিত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। রোববার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কমিটির বৈঠকে সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত নেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী সিনেট ভবনে উপাচার্য অধ্যাপক ড. এসএমএ ফায়েজের সভাপতিত্বে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

'প্রফেসর ইমিরিটাস' পদবিতে ভূষিত, শিক্ষকরা হলেন, বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এএফ সিরাজুল ইসলাম চৌধুরী, বাংলা বিভাগের অধ্যাপক ড. এটিএম আনিসুজ্জামান, রসায়ন বিভাগের অধ্যাপক ড. সৈয়দ জহির হায়দার, প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. কাজী জাকির হোসেন ও চারুকলা ইন্সটিটিউটের 'প্রিন্টমেকিং' বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ কিবরিয়া।

এছাড়া বৈঠকে বিশ্ববিদ্যালয়ে নতুন দুটি অনুষদ খোলার সিদ্ধান্ত নেয়া হয়। নতুন অনুষদ দুটি হল আর্থ এন্ড এনভারমেন্ট সায়েন্স ও প্রকৌশল অনুষদ।

ভূগোল ও পরিবেশ এবং ভূতত্ত্ব বিভাগকে নিয়ে আর্থ এন্ড এনভারমেন্ট সায়েন্স এবং ফলিত পদার্থ বিজ্ঞান, ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ফলিত রসায়ন ও রসায়নিক প্রযুক্তি ও কম্পিউটার সায়েন্স বিভাগকে নিয়ে প্রকৌশল অনুষদ করা হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত গার্হস্থ্য অর্থনীতি কলেজকেও অনুষদ করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানায়।

রোববারের একাডেমিক কমিটির নেয়া সিদ্ধান্তগুলো চূড়ান্ত করা হবে পরবর্তী সিন্ডিকেট বৈঠকে। আজ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট বৈঠক অনুষ্ঠিত হবে।